



বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।

বিষয়: বার্ষিক প্রতিবেদন - ২০১৭-২০১৮।

01. সংক্ষিপ্ত পরিচিতি:

- বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের ডাক ও টেলিযোগাযোগ বিভাগ নিয়ন্ত্রিত একটি শিল্প প্রতিষ্ঠান। ১৯৬৭ সালের তৎকালীন পাকিস্তান সরকার এবং পশ্চিম জার্মানীর মেসার্স সিমেন্স এ.জি-এর যৌথ উদ্যোগে এই প্রতিষ্ঠানটি খুলনায় স্থাপিত হয়। ১৯৭২ সাল থেকে এ প্রতিষ্ঠানটি বাণিজ্যিক ভাবে আন্তর্জাতিক মানসম্পন্ন টেলিযোগাযোগ কপার ক্যাবল উৎপাদন করে দেশের ১০০% চাহিদা পূরণ করে আসছে।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যাপক প্রসারে অপটিক্যাল ফাইবার ক্যাবল-এর ক্রমবর্ধমান চাহিদা বৃদ্ধির কথা বিবেচনা করে অত্র প্রতিষ্ঠানে একটি অত্যাধুনিক প্রযুক্তির অপটিক্যাল ফাইবার ক্যাবল ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট স্থাপন করা হয় যা বিগত জুলাই-২০১১ থেকে বাণিজ্যিকভাবে উৎপাদন শুরু করে।
- অপটিক্যাল ফাইবার ক্যাবল সংযোগে ব্যবহৃত HDPE Silicon Duct-এর ব্যাপক চাহিদার কথা বিবেচনা করে ২০১৫-২০১৬ অর্থ-বছরে HDPE Silicon Duct তৈরীর প্ল্যান্ট স্থাপন করা হয় যা বিগত সেপ্টেম্বর, ২০১৬ হতে পূর্ণমাত্রায় পরিচালিত হচ্ছে।
- উৎপাদন বহুমুখীকরণের লক্ষ্যে প্রায় ২৪.১৬ কোটি টাকা ব্যয়ে বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনসুলেটেড ওয়্যার তৈরীর প্ল্যান্ট স্থাপন সংক্রান্ত কারখানা ভবন নির্মাণের কাজ প্রায় ৫০ ভাগ সম্পন্ন হয়েছে। ভারতীয় প্রতিষ্ঠানের সাথে চুক্তি মোতাবেক প্রকল্পের প্রয়োজনীয় মেশিনারীজ, আনুষঙ্গিক যন্ত্রপাতি ও মালামাল আগস্ট, ২০১৮ এর মধ্যে প্রাক-জাহাজীকরণ পরিদর্শন শেষে বাকেশি'র উদ্দেশ্যে প্রেরণ করা হবে। ২০১৮ সালের ডিসেম্বরের মধ্যে প্ল্যান্টটি স্থাপন করা যাবে বলে আশা করা যায়।
- বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা-এর প্রধান ফটক:



১.১ প্রতিষ্ঠানের ধরণ:	পাবলিক লিমিটেড কোম্পানী।
১.২ ভিত্তিপ্রস্তর স্থাপন:	৮ মে, ১৯৬৭ খ্রিঃ।
১.৩ পরীক্ষামূলক উৎপাদন:	১৯৭০ খ্রিঃ।
১.৪ বাণিজ্যিক উৎপাদন:	১০ ফেব্রুয়ারি, ১৯৭২ খ্রিঃ।

১.৫ বার্ষিক উপাদান ক্ষমতা-

টেলিফোন কপার ক্যাবল:

স্থাপিত ক্ষমতা: ১.২৫ লক্ষ কন্ডাক্টর কিলোমিটার।

বর্তমান অর্জনযোগ্য ক্ষমতা: ১.০ লক্ষ কন্ডাক্টর কিলোমিটার।

অপটিক্যাল ফাইবার ক্যাবল:

স্থাপিত ক্ষমতা: ১০,০০০ কিলোমিটার।

বর্তমান অর্জনযোগ্য ক্ষমতা: ৮,০০০ কিলোমিটার।

এইচডিপিই সিলিকন ডাক্ট:

স্থাপিত ক্ষমতা- ১,৪৫০ কিলোমিটার।

অর্জনযোগ্য ক্ষমতা: ১,২০০ কিলোমিটার।

১.৬ বাকেশির উপাদিত পণ্যসমূহ:

টেলিফোন কপার ক্যাবল:

২ হতে ২৪০০ জোড়া পর্যন্ত (আর্মার্ড ও নন-আর্মার্ড ক্যাবল, এরিয়াল ক্যাবল,

ইনস্টলেশন ক্যাবল, সাবমেরিন ক্যাবল, জাম্পার ওয়্যার, টি.আই.পি ক্যাবল,

ড্রপ ওয়্যার ইত্যাদি)।

অপটিক্যাল ফাইবার ক্যাবল:

২ হতে ১২ ফাইবার ইউনিটিউব আর্মার্ড ও নন-আর্মার্ড ক্যাবল।

১২ হতে ২১৬ ফাইবার স্ট্যান্ডেড লুজটিউব আর্মার্ড ও নন-আর্মার্ড ক্যাবল।

এইচডিপিই সিলিকন ডাক্ট:

৩২/২৬ মিমি, ৩৪/২৮ মিমি, ৪০/৩৩ মিমি, ৫০/৪২ মিমি ও ৬৩/৫২ মিমি ব্যাসের ডাক্ট।

১.৭ শেয়ার ব্যবস্থা:

(ক) অনুমোদিত মূলধন ২০০০০ লক্ষ টাকা।

(খ) ইস্যুকৃত মূলধন ৮০২.৬৪ লক্ষ টাকা।

(গ) মোট শেয়ার সংখ্যা ২০,০০,০০,০০০

(সাধারণ - ২০,০০,০০,০০০ + অগ্রাধিকার - ০)

(ঘ) ইস্যুকৃত শেয়ার সংখ্যা ৮০,২৬,৪৩৩

(সাধারণ-৮০,২৬,৪৩৩ + অগ্রাধিকার-০)

(ঙ) প্রতি শেয়ারের মূল্য ১০ টাকা।

০২. বাকেশি ভিশন ও মিশন:

ভিশন - ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে আধুনিক টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি উন্নয়নে সহায়ক প্রতিষ্ঠান গড়ে তোলা।

মিশন - অপটিক্যাল ফাইবার ক্যাবল প্ল্যান্টের উপাদান সক্ষমতা বৃদ্ধিকরণসহ ক্যাবল লেইং-এর কাজে অপরিহার্য এইচডিপিই সিলিকন ডাক্ট তৈরী করে ক্রেতাকে যথাসময়ে সরবরাহ করা এবং আমদানি নির্ভরতা কমিয়ে দেশের অর্থনীতিতে অবদান রাখা।

এছাড়া, দেশে ক্রমবর্ধমান চাহিদার ভিত্তিতে বাকেশিতে বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল এবং বেয়ার/ইনসুলেটেড ওয়্যার ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট স্থাপন করা এবং বেকারস্ব দূরীকরণে সহায়তা করার মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ গড়তে সহায়ক ভূমিকা পালন করা।

০৩. বর্তমান সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী গৃহীত কার্যক্রম এবং বাস্তবায়ন/অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি:

- বর্তমান সরকারের রূপকল্প ২০২১ (Vision-2021) বাস্তবায়নে বর্তমান বিশ্বের তথ্য-প্রযুক্তির অভূতপূর্ব উন্নয়নের সাথে সমন্বয় সাধন করে দেশীয় টেলিযোগাযোগ ও তথ্য-প্রযুক্তির সম্প্রসারণের গুরুত্ব অপরিহার্য থাকায় বাংলাদেশ ক্যাবল শিল্প (বাকেশি) লিমিটেড স্বাধীনতার পর থেকে দেশের টেলিযোগাযোগ অবকাঠামো স্থাপনে যাবতীয় টেলিফোন কপার ক্যাবলের চাহিদা ১০০% পূরণের পাশাপাশি বর্তমান সরকারের পৃষ্ঠপোষকতায় দ্রুতগতি ও উচ্চক্ষমতা সম্পন্ন ইনফরমেশন সুপার হাইওয়ের মূল মাধ্যম “**অপটিক্যাল ফাইবার ক্যাবল**” বাণিজ্যিকভাবে জুলাই, ২০১১ থেকে উপাদান করে আসছে। ইতোমধ্যে অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে দেশীয় তথ্য-প্রযুক্তির অবকাঠামো উন্নয়নে যথেষ্ট অগ্রগতি সাধিত হয়েছে।
- বিটিসিএল-এর ১০০০টি ইউনিয়ন ও ৩৪৩টি উপজেলা পর্যায়ে অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানের ব্যাপক চাহিদা পূরণে প্ল্যান্টের উপাদান সক্ষমতা বৃদ্ধিতে ইতোমধ্যে ৩টি নতুন মেশিন সংযোজন করা হয়েছে।

- দ্রুতগতির এবং উচ্চক্ষমতাসম্পন্ন এই অপটিক্যাল ফাইবার ক্যাবল দিয়ে Internet-এর মাধ্যমে সরকারের নির্বাচনী প্রতিশ্রুত তথ্য-সেবা যথা e-governance, e-education, e-commerce, e-health, e-agriculture, e-media ইত্যাদি জনগণের দোরগোড়ায় পৌঁছানোসহ প্রত্যন্ত অঞ্চল থেকে বহিঃবিশ্বের সঙ্গে যোগাযোগ অবাধ, সহজ ও দ্রুত হচ্ছে।
- অপটিক্যাল ফাইবার ক্যাবল লেইং-এর জন্য অপরিহার্য HDPE Silicon Duct ২০১৬-১৭ অর্থবছরে বাকেশির নতুন উৎপাদিত পণ্য। ব্যাপক চাহিদার ভিত্তিতে প্ল্যান্টটি পুরোদমে চালু রয়েছে। প্ল্যান্টের উৎপাদন ক্ষমতা বৃদ্ধির জন্য আরও ১টি নতুন মেশিন সংযোজনের লক্ষ্যে যথাযথ প্রক্রিয়া অনুসরণ শেষে চুক্তি সম্পাদনের কার্যক্রম চলছে।
- বাকেশি'র সক্ষমতা ও ক্ষেত্রের চাহিদা অনুযায়ী অপটিক্যাল ফাইবার ক্যাবল ও এইচডিপিই সিলিকন ডাক্ট সম্বোজনকভাবে সরবরাহ হওয়ায় আর্থিক ও ব্যবসায়িক দিক দিয়ে প্রতিষ্ঠানের উন্নয়ন ঘটেছে।

০৪. বাকেশির মিশন/ভিশন বাস্তবায়নে গৃহীত কার্যক্রম:

- ২০১৭-১৮ অর্থ বছরের জন্য বাকেশিতে টেলিফোন কপার ক্যাবল, অপটিক্যাল ফাইবার ক্যাবল ও এইচডিপিই সিলিকন ডাক্টের উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয় যথাক্রমে ৩৫,০০০ কন্ডাক্টর কিলোমিটার, ৬,০০০ কিলোমিটার ও ১২০০ কিলোমিটার যার বিপরীতে উৎপাদন হয়েছে যথাক্রমে ৭৮,৬০৮.৭৫২ কন্ডাক্টর কিলোমিটার; ৬,৪২৯.৪৩৩ কিলোমিটার ও ১,১৭৬.৭৬৮ কিলোমিটার।
- বিটিসিএল-এর '১০০০টি ইউনিয়ন পরিষদে অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প' এর অধীন ২০১৭-১৮ অর্থবছরে অবশিষ্ট মোট ৯৭.২২৬ কিঃমিঃ ক্যাবলের (মূল্য প্রায় ১.০৫ কোটি টাকা) চাহিদার শতভাগ সরবরাহ করা হয়েছে।
- বিটিসিএল-এর "উপজেলা পর্যায়ে অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক উন্নয়ন" প্রকল্প থেকে মোট ২,৩৯৩ কিঃমিঃ (মূল্য ভ্যাটসহ প্রায় ৩৫.১০ কোটি টাকা) অপটিক্যাল ফাইবার ক্যাবলের ক্রয়াদেশ পাওয়া যায় যার অধিকাংশ সরবরাহ করা হয়েছে।
- বিটিসিএল-এর অধীন মেট্রোরেল প্রকল্পসহ অন্যান্য বিভিন্ন সংস্কার ও উন্নয়ন খাত থেকে ২০১৭-১৮ অর্থবছরে প্রাপ্ত ৭৮,৬০০ কন্ডাক্টর কিলোমিটার টেলিযোগাযোগ কপার ক্যাবলের চাহিদা শতভাগ পূরণ করা হয়েছে।
- বিটিসিএল এর '১০০০টি ইউনিয়ন পরিষদে অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প' ও "উপজেলা পর্যায়ে অপটিক্যাল ফাইবার ক্যাবল নেটওয়ার্ক উন্নয়ন" প্রকল্প থেকে ২০১৭-১৮ অর্থবছরে ইতোমধ্যে ৪০/৩৩ কিঃমিঃ সাইজের ১,৭৩১ কিলোমিটার এইচডিপিই সিলিকন কোর ডাক্ট এর ক্রয়াদেশ পাওয়া গেছে যার বিক্রয় মূল্য ১১.৯৩ কোটি টাকা। ইতোমধ্যে প্রায় ৯৩২ কিলোমিটার ডাক্ট সরবরাহ করা হয়েছে।
- অপটিক্যাল ফাইবার ক্যাবল ও এইচডিপিই সিলিকন ডাক্ট-এর বাজারজাতকরণ আরও গতিশীল করতে দেশীয় ব্যবহারকারীদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত আছে। এরই ধারাবাহিকতায় বিটিসিএল, পিজিসিবি, বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী, বিমানবাহিনী ও বেসরকারী প্রতিষ্ঠান মেসার্স সামিট কমিউনিকেশন, ফাইবার এট হোম লিং, ব্রাদার্স কনস্ট্রাকশন, হামিদা ট্রেডার্স, গ্রামীণফোন, সিটিসেল, কমন্সওয়েলথ এসোসিয়েটস, বিএসআরএম, ওয়েব লিংক কমিউনিকেশন, আমরা নেটওয়ার্ক, সিলেট কেবল সিস্টেম, আইএসএন লিং,মেসার্স এআরএ টেকনোলজিস, ফোল্ড বিডি লিমিটেড, মেসার্স রাসা ট্রেডার্স, আই-অটোমেশন, মেসার্স খুলনা ভিশন, ও অন্যান্য আই.এস.পি-র চাহিদার ভিত্তিতে ক্যাবল সরবরাহ করা হচ্ছে।

০৫. সাম্প্রতিক বছরগুলোতে আয়-ব্যয়ের হিসাব (কোটি টাকায়):

ক্রমিক নং	অর্থ বাঁসর	মোট আয়	মোট ব্যয়	নীট লাভ (কর বাদে)
১	২০১৪-২০১৫	৬৪.৪৫	৫১.৮৬	১২.৫৯
২	২০১৫-২০১৬	১০৪.১২	৭৮.৭৪	২৫.৩৮
৩	২০১৬-২০১৭	১৩১.৮৩	১০০.৮২	৩১.০১
৪	২০১৭-২০১৮	৮৬.৬৭	৭০.০৮	১৬.৫৯

০৬. প্রতিষ্ঠানের জনবল কার্যামো:

ক্রমিক নং	পদের ধরণ	অনুমোদিত পদ	কর্মরত	শূণ্য পদ
১	কর্মকর্তা	৬৯	২৯	৪০
২	শ্রমিক/কর্মচারী	৩৫২ (৬৭ জন আউটসোর্সিং সহ)	২৪১	১১১
৩	মোট	৪২১	২৭০	১৫১

০৭. নতুন কর্মসংস্থান সৃষ্টি:

- প্রতিষ্ঠানের জনবল চাহিদা পূরণে বিগত ২৪-০৯-২০১৭ খ্রিঃ তারিখে ১৩ জন কর্মকর্তা/প্রকৌশলী ও ৫ জন কর্মচারী নিয়োগের জন্য পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের পর যথাযথ প্রক্রিয়া অনুসরণ শেষে নিয়োগ কমিটির সুপারিশ ও পর্ষদের অনুমোদন পাওয়া গেছে। অচীরেই নিয়োগ কার্যক্রম সম্পন্ন হবে।
- এছাড়া, জনবল শূন্যতা পূরণে অনুমোদিত ১১ জন আউটসোর্সিং কর্মী নিয়োগের জন্য নিয়োগকৃত আউটসোর্সিং কর্মী সরবরাহকারী প্রতিষ্ঠানকে কার্যদেশ দেওয়া হয়েছে।

০৮. সরকারী কোষাগারে রাজস্ব প্রদান:

- ২০১৭-১৮ অর্থবছরে সরকারী কোষাগারে শুল্ক, ভ্যাট, আয়কর ইত্যাদি খাতে সর্বমোট প্রায় ২৪.৬৩ কোটি টাকা জমা দেওয়া হয়েছে।

০৯. উপাদান বহুমুখীকরণ:

০৯.১ অপটিক্যাল ফাইবার ক্যাবল উপাদান প্ল্যান্ট:

- ২০১০ সালে প্রায় ১০ কোটি টাকা ব্যয়ে স্থাপিত অপটিক্যাল ফাইবার ক্যাবল তৈরীর প্ল্যান্ট স্থাপনের পর এর উপাদিত ক্যাবলের মাধ্যমে দেশীয় সরকারী-বেসরকারী টেলিযোগাযোগ ও তথ্য-প্রযুক্তির অবকাঠামোগত উন্নয়নে ব্যাপক অগ্রগতি সাধিত হয়েছে। একই সাথে বাকেশির আর্থিক ও ব্যবসায়িক ক্ষেত্রেও উল্লেখযোগ্য উন্নয়ন ঘটেছে।
- চাহিদার সাথে সমন্বয় করে এই প্ল্যান্টের উপাদান সক্ষমতা বৃদ্ধি ও নিরবচ্ছিন্ন পরিচালনার সুবিধার্থে ইতোমধ্যে ১টি সিথিং লাইন মেশিন, ১টি সেকেন্ডারী কোটিং লাইন মেশিন ও ১টি এস-জেড স্ট্যান্ডিং লাইন মেশিন সংযোজন করা হয়েছে।

০৯.২ HDPE Silicon Core Duct উপাদান প্ল্যান্ট:

- দেশীয় সরকারি-বেসরকারি প্রকল্পে অপটিক্যাল ফাইবার ক্যাবল-এর সমপরিমাণ HDPE Silicon Duct এর চাহিদা রয়েছে। এই চাহিদা বিবেচনা করে বাকেশিতে অত্যাধুনিক HDPE Silicon Duct উপাদান প্ল্যান্ট স্থাপন করা হয়েছে যা বিগত সেপ্টেম্বর, ২০১৬ হতে বাণিজ্যিক উপাদান শুরু করেছে।
- HDPE Silicon Duct-এর ব্যাপক চাহিদা বিবেচনায় HDPE Silicon Duct তৈরীর প্ল্যান্টের উপাদান সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০১৭-১৮ অর্থবছরে প্রায় ১.৫০ কোটি টাকা ব্যয়ে আরও ১(এক)টি নতুন মেশিন সংযোজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বর্তমানে চীনা প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদনের কার্যক্রম শেষ পর্যায়ে।
- উপাদিত Duct দিয়ে বিটিসিএল সহ অন্যান্য প্রতিষ্ঠানের অধিকাংশ চাহিদা পূরণে অবদান রাখা সম্ভব হবে। এতে বিদেশ হতে আমদানী নির্ভরতা কিছুটা হলেও কমবে এবং বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে।

০৯.৩ বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনসুলেটেড ওয়্যার উপাদান প্ল্যান্ট:

- প্রতিষ্ঠানের উপাদান বহুমুখীকরণের লক্ষ্যে প্রায় ২৪.১৬ কোটি টাকা ব্যয়ে বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনসুলেটেড ওয়্যার তৈরীর প্ল্যান্ট স্থাপনের জন্য কারখানা ভবন নির্মাণের কাজ ৫০% সম্পন্ন হয়েছে। ভারতীয় প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি মোতাবেক প্রকল্পের প্রয়োজনীয় মেশিনারীজ ও আনুষঙ্গিক মালামাল তৈরীর কাজ প্রায় শেষ পর্যায়ে সেপ্টেম্বর, ২০১৮ তে জাহাজীকরণ হবে বলে আশা করা যাচ্ছে।
- প্রকল্পটি বাস্তবায়িত হলে দেশের বৈদ্যুতিক সেক্টরের অবকাঠামো উন্নয়নে অবদান রেখে বৈদেশিক মুদ্রা সাশ্রয়ের মাধ্যমে উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান হিসেবে অবদান রাখতে পারবে।

১০. ভবিষ্যৎ কর্মপরিকল্পনা:

বর্তমান সরকারের প্রতিশ্রুতি মোতাবেক উপরোক্ত যুগান্তকারী পদক্ষেপের পাশাপাশি ডিজিটাল বাংলাদেশ গঠনের সহায়ক হিসেবে কাজ করা ও প্রতিষ্ঠানের স্বায়ীত্ব দৃঢ় রাখতে নিম্নলিখিত কর্মপরিকল্পনা হাতে নেয়া হয়েছে:

- FTTH এর জন্য ড্রপ ফাইবার ক্যাবল তৈরীর প্ল্যান্ট স্থাপনসহ Pigtail ও Patch Cord তৈরীর জন্য প্রয়োজনীয় মেশিনারীজ ও যন্ত্রপাতি স্থাপন।
- ইন্টারনেট ও ল্যান নেটওয়ার্ক-এ ব্যবহৃত ল্যান ক্যাবল তৈরীর ব্যবস্থা গ্রহণ।
- বিদ্যুৎ সেক্টর ও বিভিন্ন যন্ত্রপাতিতে বহুল ব্যবহৃত সুপার এনামেলড কপার ওয়্যার তৈরীর প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ।

১১. বাকেশির কার্যক্রমের উল্লেখযোগ্য সচিব প্রতিবেদন:

- ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব ও বাকেশি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান **জনাব শ্যাম সুন্দর সিকদার** বিগত ১১-০৯-২০১৭ খ্রিঃ তারিখে বাকেশি'র খুলনাস্থ কারখানা পরিদর্শন করেন। তিনি প্রতিষ্ঠানের সার্বিক উপাদান কার্যক্রম সরেজমিনে পর্যবেক্ষণ করে সন্তোষ প্রকাশ করেন।





১২. প্রতিবেদনে অন্তর্ভুক্তির জন্য অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য:

- বর্তমান সরকার-এর সময়কালে প্রতিষ্ঠানের অবকাঠামোগত উল্লেখযোগ্য উন্নয়নসহ কারখানার অপটিক্যাল ফাইবার ক্যাবল উপাদান ও সরবরাহ সক্ষমতা অনেক বৃদ্ধি পেয়েছে।
- অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক সম্প্রসারণে দেশীয় পণ্য HDPE Silicon Duct সরবরাহের সূচনা তৈরী হয়েছে এবং ভবিষ্যতে চাহিদার সাথে সমন্বয় রেখে সরবরাহ বৃদ্ধি করা হবে।
- বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর, সার্ভিস ড্রপ ক্যাবল ও বেয়ার/ইনসুলেটেড ওয়্যার তৈরীর প্ল্যান্ট স্থাপন প্রকল্পটি বাকেশির জন্য একটি মাইলফলক। এই প্রকল্পটি ভবিষ্যতে প্রতিষ্ঠানের স্থায়ী স্বুদূচ করবে এবং জাতীয় অবদানে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালনে সহায়ক হবে।
- ২০১৭-১৮ অর্থ-বছরে চলমান প্রকল্পের কাজসহ ভবিষ্যত কর্মপরিকল্পনার কার্যক্রম সম্পাদিত হলে প্রতিষ্ঠানের স্থায়ী স্বুদূচ হবে এবং টেলিযোগাযোগ ও তথ্য-প্রযুক্তির নেটওয়ার্ক সম্প্রসারণে উল্লেখযোগ্য অবদান রেখে ডিজিটাল বাংলাদেশ গঠনে কার্যকর ভূমিকা রাখা সম্ভব হবে।

(মোঃ সিরাজুল ইসলাম)
ব্যবস্থাপনা পরিচালক।